**বিজ্ঞাপন প্রকাশ**

শ্রেণীবদ্ধ সহ বিভিন্ন ধরনের দৈনিক অথবা মাসিক বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশিত করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ ।

# এই যুগ
EI YUG

**ADVERTISMENT**

TO PUBLISH VARIOUS TYPES OF DAILY OR MONTHLY ADVERTISEMENT IN NEWSPAPER INCLUDING CLASSIFIEDS , CONTACT- 9062867921.

EI YUG ✹ HOWRAH ✹ DAILY ✹ VOLUME-4 ✹ ISSUE-400 ✹ 17 SEPTEMBER 2024 , TUESDAY ✹ R.N.I REGISTRATION NO : WBBEN/2020/81746 ✹ PAGE-4 ✹ PRICE: 2/-

## কলকাতা পুলিশের বড় কর্তারা আচমকা টালা থানার ওসির বাড়িতে



বেবি চক্রবর্ত্তী , এই যুগ , কলকাতা , ১৬ সেপ্টেম্বর : সোমবার আচমকাই কলকাতা পুলিশের বড় কর্তারা গিয়েছিল আরজি কর কাণ্ডে ধৃত টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডলের বাড়িতে। সেখানে তাঁর পরিবারের সঙ্গে কথা বলেন পুলিশের কর্তারা। পুলিশ কর্তারা জানিয়েছেন , তাঁরা অভিজিতের পরিবারের পাশে থাকার বার্তা নিয়ে এসেছেন। পরিবারের সদস্যদের কথা বলে পরিস্থিতি জানতে চেয়েছিলেন। অভিজিতের স্ত্রী জানিয়েছেন , সিবিআই তাঁকে ফোন করে স্বামীর গ্রেফতারের খবর দিয়েছিল। কিন্তু অ্যারেস্ট মেমোর জন্য প্রায় তিন ঘণ্টা তাঁকে অপেক্ষা করিয়ে রেখেছিল।টালা থানার প্রাক্তন ওসি সার্ভেপার্ক থানার দেবযানী ইনক্লেভ নামে একটি বহুতলে থাকতেন। সেখানেই থাকত তাঁর পরিবারের সদস্যরা। অভিজিতের বাড়িতে এদিন গিয়েছিল কলকাতা পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার (চতুর্থ) ভি সলোমান নিশা কুমার , ডেপুটি কমিশনার অফ পুলিশ (ইস্ট ডিভিশন) আরিশ বিলাল , ডেপুটি কমিশনার (এসএসডি) বিদিশা কলিথা। কলকাতা পুলিশ জানিয়েছে , তাঁরা অভিজিতের পরিবারের পাশে থাকার বার্তা নিয়ে এসেছে। স্ত্রী সঙ্গীতা মণ্ডল ও পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। কলকাতা পুলিশ সবরকম পরিস্থিতিতে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। কলকাতা পুলিশের সদস্যরা আরও জানিয়েছে, টানা থানার ওসির কোনও দোষ নেই। ওসি স্পটে দ্রুত পৌঁছেছিলেন। তারা আরও জানিয়েছেন , আরজি করের ঘটনা সেনসেটিভ ক্রাইম। আরজি করের কর্তৃপক্ষ ও চিকিৎসকদের অনুরোধ মেনেই কাজ করা হয়েছিল।

## দুই ইনস্পেক্টর সহ কলকাতা পুলিশের ৪ অফিসারকে তলব সিবিআইয়ের



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১৬ সেপ্টেম্বর : আরজি করে বড় ষড়যন্ত্রের ইঙ্গিত প্রথম থেকেই তদন্তে গাফিলতির অভিযোগে আঙুল উঠেছিল কলকাতা পুলিশের দিকে। তাই দুই ইনস্পেক্টর-সহ কলকাতা পুলিশের ৪ অফিসারকে তলব সিবিআইয়ের , আরজি করে বড় ষড়যন্ত্রের ইঙ্গিত আরজি কর তদন্তে সিবিআই। তার মধ্যে দু'জন সাব ইনস্পেক্টর রয়েছেন বলে জানা গেছে। তাঁরা এই ঘটনার সঙ্গে জড়িত বলেই মনে করছেন সিবিআই অফিসাররা। এই ঘটনায় তদন্তে নয়া মোড় ঘুরতে পারে বলেই মনে করছেন সকলে। খুলতে পারে 'বৃহত্তর ষড়যন্ত্রের' দুয়ার। আরজি কর হাসপাতালে তরুণী পড়ুয়া-চিকিৎসককে নারকীয় ধর্ষণ ও খুনের ঘটনায় প্রথম থেকেই অভিযোগ উঠেছে , প্রমাণ লোপাট করা হয়েছিল ঘটনার পরে। তা করতে গিয়েই কলকাতা পুলিশের তদন্তে গাফিলতির দিকটিতে বিশেষ নজরে নিয়ে এসেছে সিবিআই। গত ৯ আগস্ট আরজি কর হাসপাতালে তিলোত্তমার নারকীয় ধর্ষণ এবং খুন ঘটনায় ওই আর জি কর হাসপাতালে পোস্ট মর্টেম রিপোর্ট পাশাপাশি তড়িঘড়ি বডি সৎকার। কর্মস্থলে আর জি কর হাসপাতাল প্রতিষ্ঠানে এই ঘটনায় উত্তাল হয়ে ওঠে রাজ্য থেকে রাজনীতি জুনিয়র চিকিৎসকদের বিক্ষোভ কর্মবিরতি পেন ডাউন - রাত দখল এখনও চলছে গণআন্দোলন সামনে দুর্গা পূজার সেই পুজোর থিমে ও থাকছে প্রতিবাদের সুর 'আমার দূর্গা পাক বিচার'।-ফাইল চিত্র।

## পুজোর মুখে খুলে দেওয়া হলো জঙ্গল পর্যটকদের জন্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর: আজ থেকে পর্যটকদের জন্য খুলে গেল জঙ্গল। তিন মাস বন্ধ থাকার পর আজ থেকে পূনরায় জঙ্গল খুললো। জঙ্গল খোলার সাথে সাথে জলদাপাড়াতে কার সাফারি , হাতি সাফারি করতে পর্যটকদের ঢল নামে। এদিন জলদাপাড়া গেটে পর্যটকদের স্বাগত জানায় বনকর্মীরা। এবার জলদাপাড়াতে হাতি সাফারিতে হাতি সংখ্যা বৃদ্ধি হয়েছে। জলদাপাড়ার হলং ও শালকুমার গেট থেকে হাতি সাফারি শুরু হয়েছে।

## বৃষ্টির জলে ভাসল হসপিটাল থেকে ব্যাঙ্ক ও স্টেশন রোড



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,হুগলি ,১৬ সেপ্টেম্বর : গত দুইদিন কেটে গেলো নিম্ন চাপের বৃষ্টি হয়েছে , কিন্তু এখোনো পর্যন্ত জলমগ্ন হয়ে রয়েছে হুগলি জেলার বিভিন্ন চিকিৎসা কেন্দ্র থেকে ব্যাঙ্ক । অনেকের বাড়িতেও জল ঢুকে গিয়েছে। চুঁচুড়া শহরের বিভিন্ন স্থানে একই পরিষ্টিতিতী , মানুষ কাজে বেরোতে পারছেনা। জল জমার পলে ব্যান্ডেল ইসআই হসপিটালে চিকিৎসার ব্যাগাত ঘটছে।একটু বৃষ্টি হলেই ব্যান্ডেল স্টেশন রোড থেকে শুরু করে ব্যান্ডেল ও শহরে ঢোকার মুখে অর্থাৎ চুঁচুড়া সাবওয়ের নিচে জল জমে এমনকি চুঁচুড়া হসপিটাল থেকে ব্যান্ডেল ইএসআই হসপিটালে জলমগ্ন , মানুষের চিকিৎসায় নানারকম সমস্যা হচ্ছে।অনেকের বক্তব্য এই জল জমার সমস্যার হাত থেকে কবে মিলবে সমাধান। অনেকের বাড়িতে জল জমার পলে বাড়িতে বসবাস করতে সমস্যা হচ্ছে।চুঁচুড়ার বিভিন্ন জায়গায় জল জমার খবর পেয়ে জলমগ্ন এলাকা পরিদর্শন করলেন চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদার।

# জেলার কথা

## ১৬ সেপ্টেম্বর পূজনীয় স্বামী অন্তর্লোকানন্দ মহারাজ রামকৃষ্ণলোক গমন করেন



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ , কলকাতা ,১৬ সেপ্টেম্বর : পূজনীয় স্বামী অন্তর্লোকানন্দ মহারাজ কয়েক দিন পূর্বে স্বামী বিবেকানন্দের পৈতৃক বাসস্থানে কর্মরত অবস্থায় হঠাৎ অসুস্থ হয়ে পরেন। তাঁকে রামকৃষ্ণ মিশন সেবাপ্রতিষ্ঠানে নিয়ে ভর্তি করা হলে ডাক্তাররা পরীক্ষার পর দেখেন মহারাজের ব্লাড ক্যান্সার হয়েছে। এরই মহারাজকে মুম্বাইয়ের হিন্দুজা হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়। আজ ১৬ সেপ্টেম্বর দুপুরে রামকৃষ্ণলোকে চলে গেলেন। তিনি স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাসে আসার পূর্বে রহড়া রামকৃষ্ণ মিশনে সেবারত ছিলেন। তিনি রহড়া রামকৃষ্ণ মিশনের ছাত্র ছিলেন এবং সেখানেই সংঘে যোগ দেন। তিনি ছিলেন সহজসরল ও অমায়িক স্বভাবের ভালো সাধু। সবসময়ের ন্যায় শরীর ত্যাগের পূর্ব দিনও তিনি ছিলেন হাসিখুশি।-ফাইল চিত্র।

## দিনের বেলায় লক্ষাধিক টাকার সোনার গহনা চুরি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : সোমবার দুপুরে কুমারগ্রাম ব্লকের বারবিশার দক্ষিণ রামপুর এলাকায় একটি বাড়িতে চুরির ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। প্রকাশ্য দিবালোকে ওই বাড়ি থেকে প্রায় লক্ষাধিক টাকার সোনা ও রুপোর গয়না এবং নগদ দুই-আড়াই হাজার টাকা চুরি হয়ে গিয়েছে। খবর পেয়ে কুমারগ্রাম থানার বারবিশা ফাঁড়ির পুলিশ ওই বাড়িতে এসে ঘটনার তদন্ত করে। বাড়ির গৃহকর্ত্রী কল্পনা রায়সিং বলেন , 'আমি আমার বাড়ির পাশে অবস্থিত বাপের বাড়িতে ঘুরতে গিয়েছিলাম। ফিরে এসে দেখি ঘরের দরজা খোলা এবং আলমারি ভাঙা অবস্থায় রয়েছে। আংটি , নূপুর , মঙ্গলসূত্র মিলিয়ে আনুমানিক লক্ষাধিক টাকার সোনা ও রূপোর গয়না চুরি হয়ে গিয়েছে। নগদ দুই-আড়াই হাজার টাকাও ঘরে নেই।' দিনের বেলা এই ঘটনা ঘটায় এলাকায় আতঙ্ক ছড়িয়েছে। পুলিশ জানিয়েছে , তবে ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে।

# চোরকে হেফাজতে নিয়ে চুরি যাওয়া সামগ্রী উদ্ধার পুলিশের



এই যুগ , শিলিগুড়ি , ১৬ সেপ্টেম্বর : চোরকে নিজেদের হেফাজতে নিয়ে চুরির সামগ্রী উদ্ধার করলো শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের প্রধাননগর থানার পুলিশ। জানা গেছে শিলিগুড়ি পৌর নিগমের তিন নম্বর ওয়ার্ডের গুরুংবস্তিতে চলতি মাসের সাত তারিখ একটি ফাঁকা বাড়িতে চুরির ঘটনা ঘটে। বাড়ির মালিক দশ তারিখ প্রধাননগর থানায় চুরির অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ চুরির ঘটনার তদন্ত শুরু করে সি সি ক্যামেরার ফুটেজ দেখে চোরকে শনাক্ত করে ও গুরুং বস্তি বাজার থেকে চোরকে গ্রেপ্তার করে। ধৃতের নাম প্রকাশ শর্মা। ধৃতকে এগারো তারিখ শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করে পুলিশ পাঁচ দিনের রিমান্ডের আবেদন জানায়। আদালত রিমান্ড মঞ্জুর করলে পুলিশ ধৃতকে নিজেদের হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদে প্রকাশের দেওয়া তথ্য অনুসারে প্রকাশের বাড়ি থেকে সোমবার উদ্ধার হয় চুরি যাওয়া সোনা রূপার গহনা , নগদ টাকা সহ অন্যান্য সামগ্রী। ধৃতকে ফের সোমবার আদালতে পেশ করে পুলিশ তদন্ত শুরু করেছে।

# জুনিয়র ডাক্তারদের সোমবার বিকেলে মমতা বন্দ্যোপাধ্যায়ের কালিঘাটের বাড়িতে আবার ডাকা হয়



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ , কলকাতা ,১৬ সেপ্টেম্বর : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কালীঘাটের বাড়িতে সোমবার বিকাল ৫টায় বৈঠকে উপস্থিত থাকবেন জুনিয়ার ডাক্তাররা।সোমবার জুনিয়ার ডাক্তারদের ফের কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাড়িতে ডাকা হয়। এই মর্মে মুখ্যসচিব মনোজ পন্থ জুনিয়র ডাক্তারদের ইমেল করেন। সোমবার সকালেই আন্দোলনকারী জুনিয়ার ডাক্তারদের আবার ডাকা হয় বৈঠকের জন্য। এদিন বিকাল ৫টায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কালীঘাটের বাড়িতে ডাকা হয় তাঁদের। এই মর্মে মুখ্যসচিব মনোজ পন্থের তরফ থেকে সকাল ১১টা ৪৮ মিনিটে ইমেল পান জুনিয়ার ডাক্তারেরা। ইমেলে জানানো হয় , সরকারের তরফ থেকে এটিই পঞ্চম এবং শেষ চেষ্টা। এনিয়ে নিজেদের মধ্যে আলোচনার পর বৈঠকে উপস্থিত হওয়ার কথা জানান জুনিয়ার ডাক্তাররা। শনিবার ডাক্তারদের যে প্রতিনিধিরা বৈঠকের জন্য কালীঘাটে এসেছিলেন , সোমবারও তাঁদেরকেই আসতে অনুরোধ করা হয়েছে।

# হাতির হানায় মৃত্যু বৃদ্ধার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : হাতির হানা থেকে প্রাণে বাঁচতে ঘর ছেড়ে পালাতে গিয়ে হাতির হানায় মৃত্যু হল এক বৃদ্ধার। হাতি শুড় দিয়ে পেঁচিয়ে উঠানে আছাড় মাড়লো বৃদ্ধাকে। আলিপুরদুয়ার জেলার বন্ধ দলসিংপাড়া চা বাগানের ঘটনা। স্থানীয় সূত্রে খবর , রবিবার গভীর রাতে বন্ধ দলসিংপাড়া চা বাগানে ডিগবীর লাইন এলাকায় হানা দেয় এক বুনো হাতি। এরপর একাধিক বাসিন্দার ঘর ক্ষতিগ্রস্ত করার পর হাতিটি হামলা চালায় বৃদ্ধা কমলি তামাং এর বাড়িতে। প্রাণ বাঁচাতে ঘর ছেড়ে পালাতে গিয়ে হাতির হামলার শিকার হন বৃদ্ধা। ঘটনাস্থলেই মৃত্যু হয় ৬৯ বর্ষীয় কমলি তামাংয়ের। বাসিন্দাদের দাবি এর পূর্বে লাগাতার তিনবার বৃদ্ধার বাড়িতে হামলা চালিয়ে ছিল বুনো হাতি।তবে সে সময় তিনি প্রাণ বাঁচাতে সক্ষম হলেও এবার আর পারলেন না। ঘটনাস্থলে এসে মৃতদেহ উদ্ধার করেছে জয়গাঁ থানার পুলিশ। বনদপ্তরের হ্যামিল্টণগঞ্জের অন্তর্গত ভার্ণাবাড়ি বীট অফিসার জানান ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবে মৃতের পরিবার।

# নবী দিবস পালন হাওড়ার বাঁকড়ায়



বাপন ধাঁড়া ,এই যুগ ,হাওড়া ,১৬ সেপ্টেম্বর : আজ নবী দিবস। আজকের দিনে হুজুর কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পৃথিবীতে এসেছিলেন তাই এই দিনটাকে নবী দিবস হিসাবে পালন করা হয়। হাওড়ার বাঁকড়ার সমস্ত মানুষ ৪ থেকে ৪০ সবাই উদযাপন করছেন নবী দিবসে।বাঁকড়া কবর পাড়ায় নবী দিবস উপলক্ষে নানা ধরনের অনুষ্ঠান ও ফুল আলোসজ্জা দিয়ে সজ্জিত করেছেন সুন্দর একটি গেট। এদিন মাওলানা সাহেব বলেন নবী দিবস সমস্ত মানুষ পালন করা দরকার।

# বাগনানে ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়ল রুপোর গোডাউন




সন্দীপ মজুমদার , এই যুগ , হাওড়া , ১৬ সেপ্টেম্বর : সোমবার সাত সকালে বাগনান উত্তর স্টেশন রোডের একটি ওষুধের দোকানের দ্বিতলে একটি রুপোর গোডাউনে ভয়াবহ অগ্নিকাণ্ড নিয়ে সারা এলাকা জুড়ে হুলুস্থুল পড়ে যায়। আতঙ্কে আশপাশের বাড়ি থেকে লোকজন রাস্তায় নেমে আসেন। তবে এই ঘটনায় কোনও হতাহতের খবর পাওয়া যায়নি। এলাকার দোকানদাররা ছোট ছুটি করে জল এনে প্রাথমিকভাবে আগুন নেভানোর চেষ্টা করেন। তাঁরা বাগনান থানায় খবর দিলে থানা থেকে উলুবেড়িয়া অগ্নি নির্বাপন কেন্দ্র এই অগ্নিকাণ্ডের খবর পেয়ে তাঁদের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনে। লোডশেডিংয়ের মধ্যে ইনভার্টার থেকে শর্ট সার্কিট হয়েছে বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে। তবে ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও জানা যায়নি। পুলিশ ও অগ্নি নির্বাপন দপ্তরের আধিকারিক তদন্ত শুরু করেছে।

# দুর্যোগ মোকাবিলায় কর্তব্যপরায়ণতার এক উজ্জ্বল দৃষ্টান্ত





শিল্পী চার , এই যুগ , বাঁকুড়া ,১৬ সেপ্টেম্বর : সম্প্রতি বাঁকুড়া জেলার ছাতনা থানা এবং ঝাঁটিপাহাড়ি আউট পোস্টের পুলিশ কর্মীরা এক চরম দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে তাঁদের দায়িত্বের প্রতি যে নিষ্ঠা দেখিয়েছেন , তা এক অনন্য দৃষ্টান্ত। এলাকার বিভিন্ন অংশে অপ্রত্যাশিতভাবে ঘটে যাওয়া প্রাকৃতিক দুর্যোগ , যেমন ভারী বর্ষণের কারণে ভগ্নপ্রায় মাটির বাড়ি ভেঙে যাওয়া এবং গাছ পড়ে বিদ্যুৎ বিচ্ছিন্ন হওয়ার মত ঘটনা ঘটে। কিন্তু এমন কঠিন পরিস্থিতিতেও ছাতনা থানার পুলিশ প্রশাসন এবং স্থানীয় প্রশাসন অত্যন্ত দ্রুততার সাথে সক্রিয় হয় এবং সম্ভাব্য বিপর্যয় রোধে কাজ করে।বিশেষত , ভেঙে পড়া বাড়িগুলির বসবাসকারী পরিবারগুলিকে যথাসময়ে অন্যত্র স্থানান্তরিত করা হয়। পুলিশের তৎপরতায় এসব বিপর্যস্ত পরিবার প্রাণ রক্ষা পায় এবং বড় ধরনের ক্ষতি থেকে রক্ষা পায়। এছাড়া গাছ পড়ে বিদ্যুৎ বিচ্ছিন্ন হওয়ার ঘটনায় ইলেকট্রিক ডিপার্টমেন্টের সাথে সমন্বয় করে পুলিশ তৎক্ষণাৎ ব্যবস্থা গ্রহণ করে। তাদের চেষ্টায় দ্রুত বিদ্যুৎ পুনঃস্থাপিত হয় এবং সাধারণ মানুষ পুনরায় নিরাপদ পরিবেশে ফিরে আসে।এই সময়ে , বাঁকুড়া জেলা পুলিশ , ছাতনা থানা এবং ঝাঁটিপাহাড়ি আউট পোস্টের পুলিশ কর্মীরা যে সাহসিকতা এবং কর্তব্যপরায়ণতার পরিচয় দিয়েছেন , তা প্রশংসার দাবিদার। শুধু দুর্যোগ মোকাবিলায় নয় ,মানুষের সুরক্ষা এবং নিরাপত্তার জন্য তাঁরা সর্বোচ্চ চেষ্টা করেছেন। তাঁদের এই নিষ্ঠা ও দায়িত্ববোধ জেলা প্রশাসনের সাথে সাথে সাধারণ মানুষকেও অনুপ্রাণিত করেছে।অভিজ্ঞতার আলোকে , পুলিশ ও প্রশাসনের এই যৌথ প্রচেষ্টা প্রমাণ করে যে সংকটকালে সঠিক সিদ্ধান্ত ও দ্রুত পদক্ষেপ কতটা গুরুত্বপূর্ণ। ছাতনা থানার পুলিশ কর্মীদের এই উদ্যোগ নিঃসন্দেহে বাঁকুড়া জেলার বাসিন্দাদের হৃদয়ে এক বিশেষ স্থান করে নিয়েছে।

কাগজের নৌকা
17 SEPTEMBER 2024 ,
মঙ্গলবার

**লেখা প্রকাশ**
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশ করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ

# মুখ থুবড়ে পড়ে আছে শামুকতলায় স্বাস্থ্য কেন্দ্রের বিল্ডিং



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ সেপ্টেম্বর : দেড় বছর অতিক্রম হয়ে গেছে এখনো শেষ হয়নি শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নতুন ভবনের কাজ। মুখ থুবড়ে পড়ে রয়েছে নতুন ভবনের কাজ। স্বাস্থ্যকর্মীদের কাছ থেকে জানা গেছে ২০২৩ সালের এপ্রিল মাসে এই কাজ শুরু হয়েছিল । প্রায় কোটি টাকা ব্যয় করে স্বাস্থ্য ভবন তৈরির জন্য হাত দেওয়া হয়েছিল । ২০২৪ সালের সেপ্টেম্বর মাস শেষ হতে চলেছে কিন্তু কাজ এগোয়নি। । স্বাস্থ্যকর্মীদের সূত্রে জানা গেছে কোটি টাকার কাজ হলেও ঠিকাদার কোনরকম টাকা পাননি বিল্ডিং এর অর্ধেক অংশ তৈরি করার পরেও। আর এর ফলেই কাজ বন্ধ হয়ে আছে। উল্লেখ্য শামুকতলা প্রাথমিক স্বার্থকেন্দ্রে কোন আউটডোর নেই। রোগী ভর্তি বেডের পাশেই আউটডোর চলছে। কোনো টিকিট কাউন্টার নেই। ডায়রিয়া আক্রান্ত রোগীদের ভর্তি রাখার মত কোন জায়গা নেই। শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উপর নির্ভর করেন বেশ কয়েকটি বন বস্তি এবং চা বাগানের বাসিন্দা গন। দীর্ঘদিনের আন্দোলনের জেরে বিল্ডিংয়ের কাজ শুরু হলেও কবে শেষ হবে সেই কাজ জানা নেই স্বাস্থ্যকর্মী কিংবা আমজনতার। আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব জানিয়েছেন কেন কাজ বন্ধ রয়েছে বিষয়টি খোঁজ নিয়ে দেখব।

# সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবনটা এক যেন মরু-তীর্থ ,
গুল্ম সমতুল্য ,
সুখের সিঁড়ি বড় পিঁছোল ,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে ,
হড়কে পড়ার বড় ভয় ,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায় ,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি ,
বেঁচে আছি শুধু ,
বুকের ভেতর কষ্ট নিয়ে ,
বহাল তবিয়তে ,শুধুই হৃদয় জুড়ে ,
কষ্টগুলো আগলে রেখে ,
ফিরেই আছে শুধু পাল তুলে ,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা ,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন ,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে ,
আঁধার নামবে অমাবস্যার রাতে ,
সমাজের চোখে হয়তো , জীবিত হয়েই যাবে ,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও ,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে ,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

* * * * * *

# আসন্ন দূর্গাপুজায় মহিলাদের সুরক্ষা নিশ্চিত করতে দুটি গোলাপি টহলদারি ভ্যানের উদ্বোধন করলেন পুলিশ সুপার



এই যুগ ,কোচবিহার ,১৬ সেপ্টেম্বর : আসন্ন দূর্গাপুজায় মহিলাদের সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে সোমবার উদ্বোধন হলো দুটি গোলাপি টহলদারি ভ্যানের। কোচবিহার পুলিশ লাইনে ভ্যান দুটির যাত্রার সূচনা করেন পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শ্রী কৃষ্ণ গোপাল মীনা , ডি এস পি সদর সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। পুলিশ সুপার জানান একটি টহলদারি ভ্যান কোচবিহার শহরে ও অপর একটি ভ্যান দিনহাটা মহকুমা শহরে টহল দেবে। মহিলা পুলিশ কর্মীদের দ্বারা ভ্যান দুটি পরিচালিত হবে। মহিলারা পুজার মরশুমে রাস্তায় কোনো সমস্যায় পড়লে একশ নম্বরে ডায়াল করলেই তাদের সহায়তায় এই গোলাপি ভ্যান নিয়ে পুলিশ কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে যাবেন। পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM , NEWSPAPER EIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।